

**ডিসেম্বরে
আদমশুমারীর
দ্বিতীয় পর্বের জরীপ**

10

সারাদেশে আগামী ১লা ডিসেম্বর থেকে ১৯৮২ সালের আদমশুমারীর দ্বিতীয় পর্বের নমুনা জরীপ শুরু হবে।

স্মরণ করা যাবে পারে যে গত মার্চ মাসে সারাদেশে আদমশুমারী করা হয় এবং জুন মাসে এই আদমশুমারীর প্রাথমিক ফলাফলও প্রকাশ করা হয়।

পূর্ব প্রস্তাবিত অনুসারে দেশের আদমশুমারী দু'পর্যায়ে বিভক্ত করার কথা। প্রথম পর্যায়ে একটি ছোট ও সহজ প্রশ্নপত্র পূরণের মাধ্যমে দেশের শতকরা ১০০ ভাগ লোককে গণনা করা হয়েছে এক দ্বিতীয় পর্যায়ে একটি দীর্ঘ (বেহু প্রশ্ন সম্বলিত) প্রশ্নপত্র পূরণের মাধ্যমে কেবল মাত্র নমুনার ভিত্তিতে বাছাইকৃত জরীপ চালানো হবে। নমুনা জরীপের প্রশ্নপত্রটিতে গৃহ ব্যক্তিগত সামাজিক আর্থিক এবং জনসংস্কৃতি সম্বন্ধীয় বৈশিষ্ট্যাবলীর উপর বিস্তারিত তথ্য সংগ্রহের জন্য প্রশ্ন রাখা হয়েছে। খবর তথ্য বিবরণী।

জরীপ
(প্রথম পর্ব পর)
দ্বিতীয় পর্বের জরীপ কাজ অনুসন্ধানী চলবে এবং তাতে দেশের সবগুলি জেলা শহর ও গ্রাম মিলিয়ে প্রায় ১০০,০০০ খানা অন্তর্ভুক্ত হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ৭০০ গণনাকারী ও ১০০ জন সুপারভাইজার এ ফিল্ড কাজে নিয়োজিত করেছেন। জরীপ গণনা কাজ ৩১শে জানুয়ারী ১৯৮২-এর মধ্যে শেষ হবে।